



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নথি নং-৪৬.০০.৮১০০.০১৭.২৭.০০২.২০২০-২৫৩

তারিখ : ১৯ ফাল্গুন, ১৪২৭
০৪ মার্চ, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ০৩নং পাকড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুর রাকিব সরকার এর বিরুদ্ধে শ্রীরামপুর কবরস্থানে একাধিকবার বাউভারী ওয়াল নির্মাণ, কাবিখা, টিআর, পরিষদের ১% এবং এলজিএসপি অর্থ হতে একই খাতে একাধিক প্রকল্প গ্রহণ, ইউপি সদস্যগণের সাথে সমন্বয়হীনতা, পরিষদ পরিচালনার ক্ষেত্রে অদক্ষতা, পাকা রাস্তা সংস্কারের জন্য প্রথমে মো: জালাল উদ্দিন, ০৬নং ওয়ার্ড সদস্যকে প্রকল্প সভাপতি করে সিদ্ধান্ত গ্রহণ করলেও পরবর্তীতে একই তারিখ ও সভার কার্যবিবরণী পরিবর্তন করে নিজেই প্রকল্প সভাপতি হিসেবে প্রকল্প পরিচালনা করার অভিযোগে উক্ত ইউনিয়ন পরিষদের ১০ (দশ) জন সদস্য কর্তৃক অনাস্থা প্রস্তাব উত্থাপিত হয়েছে এবং সরেজমিন তদন্তে উত্থাপিত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে;


যেহেতু, উক্ত অনাস্থা প্রস্তাবের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারা অনুযায়ী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী কর্তৃক বিশেষ সভা আহ্বান করে গোপন ব্যালটের মাধ্যমে অনাস্থা প্রস্তাবের পক্ষে ও বিপক্ষে ভোট গ্রহণ করা হয় এবং অনাস্থা প্রস্তাবের পক্ষে ১০ (দশ) টি ভোট পড়ে যা দুই-তৃতীয়াংশের বেশী;

যেহেতু রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলার ০৩নং পাকড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুর রাকিব সরকার এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং বিশেষ সভায় উত্থাপিত অনাস্থা প্রস্তাবটি দুই-তৃতীয়াংশের বেশী ভোটে গৃহীত হওয়ায় বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক জনস্বার্থে ইউনিয়ন পরিষদের দায়িত্ব পালন করা সমীচীন হবে না মর্মে বিবেচিত হওয়ায় জেলা প্রশাসক, রাজশাহী সুপারিশসহ প্রেরিত অনাস্থা প্রস্তাবটি সরকার কর্তৃক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারা অনুযায়ী অনুমোদিত হয়েছে;

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯(১৩) ধারার বিধান অনুযায়ী সরকার কর্তৃক জনস্বার্থে অনাস্থা প্রস্তাবটি অনুমোদিত হওয়ায় ০৩নং পাকড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুর রাকিব সরকার এর পদটি একই আইনের ৩৫(১)(চ) ধারা অনুযায়ী শূন্য ঘোষণা করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব

৯৫৮৬৬০৫


Email:Up1lgd@gmail.com

নথি নং-৪৬.০০.৮১০০.০১৭.২৭.০০২.২০২০-২৫৩

তারিখ : ১৯ ফাল্গুন, ১৪২৭
০৪ মার্চ, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, গোদাগাড়ী, রাজশাহী।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব (ইউপি), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। জনাব মো: আব্দুর রাকিব সরকার, চেয়ারম্যান (অপসারণকৃত), ০৩নং পাকড়ী ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী, রাজশাহী।
- ০৮। অফিস কপি।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব